

অস্ট্রেলিয়া যুবলীগের জাতীয় শোক দিবস পালন

আজ ১৫ আগস্ট ২০২০, অস্ট্রেলিয়ার সিডনিতে বাঙালীপাড়া বলে খ্যাত লাকেশ্বার একটি রেস্টুরেন্টে জাতীয় শোক দিবস পালন করলো অস্ট্রেলিয়া যুবলীগ। ১৫ই আগস্টের ভয়াবহ কালো রাতে নিহত হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব সহ বঙ্গবন্ধু পরিবারের নিহতদের স্মরণে এই শোক সভায় মিলিত হোন অস্ট্রেলিয়া যুবলীগের নেতৃবৃন্দ। করোনাকালের বাধ্যবাধকতায় সীমিত আকারে আয়োজিত এই স্মরণ সভায় গভীর শ্রদ্ধা ভরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও কালো রাতে নিহত শহীদদের স্মরণ করা হয় ও বাঙালী জাতির মুক্তির মহামন্ত্রে নিমগ্ন ও সর্বোচ্চ ত্যাগী বাঙালী জাতির সর্বশ্রেষ্ঠ পরিবারের প্রতি সম্মান জানিয়ে ১ মিনিট নিরবতা পালন করা হয়। ১৫ই আগস্টের শহীদ সবার রুহের মাগফেরাত কামনা করা হয় এবং এসময় যুবলীগের প্রতিষ্ঠাতা যুবনেতা শেখ মনির বিভিন্ন দিক দিয়ে আলোচনা করেন বক্তারা। বক্তব্য রাখেন অস্ট্রেলিয়া যুবলীগের সাধারণ সম্পাদক নোমান শামিম, অপু সারোয়ার, মহীউদ্দীন কাদের, আলী আশরাফ হিমেল, নাফিস মহীউদ্দীন, সাব্বির খান, ইমরান হোসেইন, অস্ট্রেলিয়া আওয়ামী লীগের বিশেষ অতিথি সহ-সভাপতি এমদাদ হক ও এড নির্মল্য তালুকদার প্রমুখ।

